

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
গাইড হাউস, ৭ম, ১০ম তলা, নিউ বেইলী রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.১৮৮

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮

০৭ মার্চ ২০২২

বিষয়: গাইবান্ধা জেলার পলাশগঞ্জ উপজেলাধীন মাঠের বাজার আবু বকর ফাজিল মাদ্রাসার এমপিও শিটে মাদ্রাসাটির সহকারী অধ্যাপক (রসায়ন) জনাব মো: শফিউল ইসলাম (ইনডেক্স নং- R২০১৪৬২৩) এর পদবী (Lec এর স্থলে AP) সংশোধন প্রসঙ্গে।

সূত্র: (১) প্রতিকার প্রার্থীর আবেদন, তারিখ: ০৬/০৬/২০২১ খ্রি.

(২) জেলা শিক্ষা অফিস, গাইবান্ধা এর স্মারক নং- জোশা-গা/২০২১/১০৬৯; তারিখ: ২৮/০৯/২০২১

(৩) তদন্ত কর্মকর্তাদের প্রতিবেদন স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০২.০২৪.২০-৫৯২, তারিখ: ২২/০২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাঠের বাজার আবু বকর ফাজিল মাদ্রাসার এমপিও শিটে সহকারী অধ্যাপক (রসায়ন) জনাব মো: শফিউল ইসলাম (ইনডেক্স নং-R২০১৪৬২৩) এর পদবী (Lec এর স্থলে AP) সংশোধনের আবেদন বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয়।

২। অগ্রায়ন পত্র এবং সংযুক্ত ডকুমেন্টস পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব মো: শফিউল ইসলাম বর্ণিত মাদ্রাসায় ১৪/১২/২০০৪ খ্রিঃ তারিখে প্রভাষক (রসায়ন) পদে যোগদান করেন এবং সেপ্টে: ২০০৫ মাসে প্রথম এমপিওভুক্ত হন। পরবর্তীতে ৫:২ অনুপাতে জ্যেষ্ঠতার ভিত্তিতে মে/২০০৫ মাসে সহকারী অধ্যাপক/AP পদে ০৬ কেডে এমপিও প্রাপ্ত হন যা বর্তমান পর্যন্ত চলমান রয়েছে। কিন্তু এমপিও শিটে পদবী AP এর স্থলে থেকে Lec যায়। বিধায় তিনি পদবী সংশোধনের নিমিত্ত আবেদন করেন।

৩। জনাব মো: শফিউল ইসলাম (ইনডেক্স নং-R২০১৪৬২৩) এর পদবী সংশোধন বিষয়ে “ কাঙ্ক্ষিত পদবী AP সংযোজনের জন্য সুপারিশ করা হলো ” মর্মে জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা কর্তৃক সূত্রোক্ত ২ নং স্মারকে অগ্রায়ন পত্রে উল্লেখ করেন।

৪। পরবর্তীতে আনুষ্ঠানিক ডকুমেন্ট যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামত প্রমাণকসহ প্রতিবেদন প্রদানের জন্য জনাব মাহফুজা ইয়াসমিন, সহকারী পরিচালক (প্রশাসন) ও জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে যাচাই/ তদন্ত কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হলে তদন্ত তাঁরা নিম্নোক্ত রূপে সুপারিশ প্রদান করেন:-

“প্রতিকার প্রার্থীর দাখিলকৃত আবেদন ও সরবরাহকৃত ডকুমেন্টস যাচাই-বাছাইপূর্বক দেখা যায়, বর্ণিত শিক্ষকের একাডেমিক সনদ, নিয়োগ পরীক্ষার ফলাফল সিট, নিয়োগপত্র, যোগদানপত্র, এমপিও আবেদনে প্রভাষক (রসায়ন) পদ উল্লেখ আছে। শিক্ষক-কর্মচারীর তালিকা, পদোন্নতি রেজুলেশনে পদ এবং এমপিও কপিতে বেতন গ্রেড ০৬। সহকারী অধ্যাপক পদে পদোন্নতি যথাযথ হয়েছে। কাজেই গাইবান্ধা জেলার পলাশগঞ্জ উপজেলাধীন মাঠের বাজার আবু বকর ফাজিল মাদ্রাসার এমপিও শিটে মাদ্রাসাটি সহকারী অধ্যাপক (রসায়ন) জনাব মো: শফিউল ইসলাম/MD. SHAFIUL ISLAM (ইনডেক্স নং-R২০১৪৬২৩) এর প্রার্থিত পদবী Lec সংশোধনপূর্বক AP সংযোজন করার জন্য সুপারিশ করা হলো ”

৫। অধ্যক্ষ, জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা এর অগ্রায়ন এবং তদন্ত কর্মকর্তাদের সুপারিশ এর ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: শফিউল ইসলাম (ইনডেক্স নং-R২০১৪৬২৩) এর তথ্য এবং প্রার্থিত পদবী নিম্নরূপঃ

ক্র নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	সহ: অধ্যাপক) পদে এমপিও'র তারিখ	এমপিও সিটে বিদ্যমান পদবী	প্রার্থিত/ চাহিত পদবী	মন্তব্য
০১	জনাব মো: শফিউল ইসলাম (ইনডেক্স নং- R২০১৪৬২৩) এর, সহকারী অধ্যাপক মাঠের বাজার আবু বকর ফাজিল মাদ্রাসা, পলাশ বাড়ী, গাইবান্ধা।	মে/২০০৫ খ্রি:	Lec	AP	এমপিও সিটে প্রতিকার প্রার্থীর পদবী AP সংশোধন যোগ্য।

৬। এমতাবস্থায়, প্রতিকার প্রার্থীর আবেদন, অধ্যক্ষ এবং জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা এর অগ্রায়ন এবং তদন্ত কর্মকর্তাদের সুপারিশ মোতাবেক মাঠের বাজার আবু বকর ফাজিল মাদ্রাসার এমপিও সিটে সহকারী অধ্যাপক (আরবি) জনাব মো: শফিউল ইসলাম (ইনডেক্স নং-

R২০১৪৬২৩) এর পদবী AP সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে তথ্য ভুল/মিথ্যা হলে আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।
- ২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।
- ৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।
- ৪। জনাব জনাব মো: শফিউল ইসলাম (ইনডেক্স নং-R২০১৪৬২৩) সহকারী অধ্যাপক (রসায়ন) কোন প্রকার বকেয়া দাবি করতে পারবে না।

সংযুক্তি: আট (০৮) ফর্দ।



৭-৩-২০২২

কে. এম. রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ফ্যাক্স: ৪১০৩০১২৫

ইমেইল: dgdmeb@gmail.com

পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক (মাদ্রাসা
শিক্ষা ব্যবস্থাপনা ও ইনফর্মেশন সিস্টেম (মেমিস),
মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.১৮৮/১(৬)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮
০৭ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক (প্রশাসন) এর দপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা, গাইবান্ধা।
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পলাশ বাড়ী, গাইবান্ধা।
- ৫) সভাপতি/অধ্যক্ষ/প্রতিকার প্রার্থী, মাঠের বাজার আবু বকর ফাজিল মাদ্রাসা, পলাশ বাড়ী, গাইবান্ধা।
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।



৭-৩-২০২২

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক